অধ্যক্ষের কার্যালয়

# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

তারিখ : ২০/০৫/২০২৫ খ্রি.

## সংশোধিত বিজ্ঞপ্তি নং- ৮৫

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের মাস্টার্স ১ম পর্ব নতুন সিলেবাসের অন্তর্গত নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের সকল ক্ষেত্রে অবশ্যই স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপ:

| বিষয় | ফরমপূরণ ফি | | ফরম পূরণ,ফি প্রদান ও সংশ্লিষ্ট বিভাগে ফরম জমাদানের তারিখ : |
|---|---|---|---|
| | নিয়মিত/অনিয়মিত/ প্রাইভেট (সকলপত্র) | গ্রেড উন্নয়ন/ অকৃতকার্য (এক বা একাধিক কোর্সের পরীক্ষার্থী) | |
| বাংলা, ইংরেজি, ইতিহাস, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ৩৪২৫/- | ০১ পত্র/ কোর্স = ১৭৫০/-<br>০২ পত্র/ কোর্স = ২০০০/-<br>০৩ পত্র/ কোর্স = ২২৫০/- | অনলাইনে ফরম পূরণের তারিখ:<br>২০/০৫/২০২৫ হতে ০১/০৬/২০২৫ তারিখ পর্যন্ত।<br>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদানের তারিখ:<br>২৮/০৫/২০২৫ হতে ১২/০৬/২০২৫তারিখ পর্যন্ত।<br>সংশ্লিষ্ট বিভাগে ফরম জমাদানের তারিখ:<br>১৫/০৬/২০২৫ হতে ১৮/০৬/২০২৫ তারিখ পর্যন্ত। |

১। ফরম পূরণের নিয়মাবলী : ২০২২ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট cms.nu.ac.bd এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আগামী ২০/০৫/২০২৫ তারিখ হতে ০১/০৬/২০২৫ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২। ফি জমাদানের নিয়মাবলী : নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট সকল পত্রে এবং গ্রেড উন্নয়ন/অকৃতকার্য পরীক্ষার্থীগণ বিকাশ /নগদ/ উপায় অ্যাপস্-এর পে-বিল অথবা এডুকেশন ফি অপশনে প্রবেশ করে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে ১৩ ডিজিটের রোল নম্বর এবং অনিয়মিত ও প্রাইভেট সকলপত্রের গ্রেড উন্নয়ন/অকৃতকার্য পরীক্ষার্থীগণ নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে ভর্তি বিষয়ক ওয়েবসাইট https://chandpurcollege.eshiksaems.com/ এ প্রবেশ করে ID: cgcstudent, Password: cgcstudent দিয়ে লগইন করে Improvement Form Fill-up–এ ক্লিক করে ১৩ ডিজিটের ক্লাস রোল নম্বর/রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Exam Academic Year 1 এবং Exam Session 2021-2022 দিয়ে View Charge and Course Detail –এ ক্লিক করে যে বিষয়ে পরীক্ষা দিতে ইচ্ছুক সেই বিষয় গুলো সিলেক্ট করে সাবমিট করে Month- May-25 Select করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ২৮/০৫/২০২৫ তারিখ হতে ১২/০৬/২০২৫ তারিখের মধ্যে Payment সম্পন্ন করতে হবে। অতঃপর পরীক্ষার আবেদন ফরমের সঙ্গে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও ফি পরিশোধের Payment কপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার আবেদন ফরম জমা না দিলে ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের Student's কপি ভবিষ্যত প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

(ক)। ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০২২ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/ কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ)। ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে "F" গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২২ সালের পরীক্ষায় সেকল পত্রে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে শুধুমাত্র "F"গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য: ২০২১ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব পরীক্ষার্থী C+,C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সের গ্রেড উন্নয়নের লক্ষ্যে সর্বোচ্চ ০২ (দুই)টি পত্রে অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থী ২০২২ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মানোন্নয়ন/ গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের আর কোনো সুযোগ থাকবে না। উল্লেখ্য যে, এসব শিক্ষার্থীর ইনকোর্স ও মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।

বিশেষ পরীক্ষার্থীদের জন্য: শুধুমাত্র ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিশেষ ফি প্রদান সাপেক্ষে ফরমপূরণ করতে পারবে। তাদের ফরমপূরণ ফি- ৫,৫০০/- টাকা। এ সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের নবায়ন এর প্রয়োজন হবে না। উল্লেখ্য যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরমপূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে তারা কোনো অবস্থাতেই পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।

সিলেবাস : ২০২২ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট বিভাগ, চাঁ.স.ক।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েব সাইট: www.chandpurcollege.edu.bd
৫। অফিস নথি।

২০।০৫।২০২৫
(প্রফেসর এ.কে.এম আবদুল মাননান)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।